জীবননগরে উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের শুভ উদ্বোধন

জীবননগর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের শুভ উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশন এর আয়োজনে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এই উদ্বোধন ঘোষণা করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, সরকারি কমিশনার (ভূমি) তিথী মিত্র, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সহ উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রমুখ।

আজ চুয়াডাঙ্গায় আসছেন নির্বাচন কমিশনার

আজ চুয়াডাঙ্গায় আসছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ)। বিকাল সাড়ে ৪ টায় ঢাকা হতে বিমান যোগে যশোর বিমানবন্দরের উদ্দেশ্যে যাত্রা করবেন এবং সন্ধা সাড়ে ৬টার সময় চুয়াডাঙ্গা সাকিট হাউজের উদ্দেশ্যে যাত্রা শুরু করবেন এবং চুয়াডাঙ্গা সাকিট হাউজে রাত্রিযাপন করবেন।

এছাড়া আগামীকাল বৃহস্পতিবার সকাল ৮টা থেকে জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনি পরিবেশ পর্যবেক্ষণ করবেন। এবং সন্ধা সাড়ে ৬টার সময় চুয়াডাঙ্গা সাকিট

হাউজ থেকে যশোর বিমানবন্দরের উদ্দেশ্যে রওনা দিবেন।

মেহেরপুরের নতুন ডিসি আজিজুল ইসলাম

মেহেরপুরের নতুন জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেয়েছেন প্রধানমন্ত্রীর দপ্তরের পরিচালক মোহাম্মদ আজিজুল ইসলাম।

গতকাল রবিবার রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত এক আদেশে এ তথ্য জানা গেছে ।মেহেরপুর জেলা প্রশাসকসহ আট জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে।

তবে মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানকে কোন জেলায় নিয়োগ দেয়া হয়নি বলে আদেশে জানা গেছে।

মুজিবনগর পরিদর্শনে ডেপুটি ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং

মুজিবনগর ঐতিহাসিক আম্রকানন স্মৃতিসৌধ পরিদর্শনে এসেছেন WTO-এর ডেপুটি ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং।

রবিবার দুপুরে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে মুজিবনগর হেলিপ্যাডে অবতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক লিংকন

বিশ্বাস, উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মেহেরপুর জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল ও সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল এবং মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।

মেহেরপুরে আকস্মিক সফরের তিনি হেলিকপ্টার যোগে মুজিবনগরে আসেন এবং সন্ধ্যায় ঢাকায় ফিরে যান।
পরে মুজিবনগর সাধীনতার সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে সোনাপুর মাঝ পাড়ার বিভিন্ন এলাকা ঘুরে দেখেন।

এসময় এফবিসিসিআই এর পরিচালক সৈয়দ মোয়াজ্জেম হোসেন, বানিজ্য মন্ত্রনালয়ের যুগ্ন সচিব আলম মস্তফা, চীনাদূতাবাসের দ্বিতীয় সেক্রেটারি জুয়েলিং শি সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশের প্রত্যয় দুর্যোগ প্রস্তুতি সবসময়” এ প্রতিপাদকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দিন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, প্রভাষক আবু জাফর, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফায়জুল

ইসলাম, দামুড়হুদা ফায়ার সার্ভিস স্টেশন অফিসার নাসির উদ্দিনসহ ফায়ার সার্ভিসের সদস্য বৃন্দ, পিআইও অফিসের অ:স: জাকির হোসেন, কার্যসহকারী বিপ্লব হোসেন। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন দিনার ও রফিকুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালন

“স্মার্ট বাংলাদেশের প্রত্যয়, দুর্যোগ প্রস্তুতি সবসময়” এই প্রতিপাদ্য সামনে রেখে মেহেরপুরে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মোড় থেকে র্যালিটি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল, মেহেরপুর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মোঃ আব্দুর রাজ্জাক মেহেরপুর জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সার্কেল অ্যাডজুট্যান্ট মোঃ আল মামুম, সদর পিআইও নাহিদা ইসলাম সহ স্কুলের বিভিন্ন শিক্ষার্থী এবং বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

বারমুডা ট্রায়াঙ্গেল ও রহস্য

বারমুডা ট্রায়াঙ্গেল যা শয়তানের ত্রিভুজ নামে পরিচিত। এটি উত্তর আটলান্টিক মহাসাগরের একটি ব্যস্ততম অঞ্চল। বারমুডা ট্রায়াঙ্গেল

নিয়ে বেশ কয়েকজন লেখক বই লিখেছেন। ১৯৫০ সালে প্রথম বারমুডা ট্রায়াঙ্গেল নিয়ে খবর প্রকাশিত হয়। বারমুডা ট্রায়াঙ্গেল নিয়ে অনেক রহস্যের কথা শোনা যায়। উত্তর আটলান্টিক মহাসাগরে বারমুডা ট্রায়াঙ্গেল অবস্থিত।

বারমুডা আইল্যান্ড, পোর্তো রিকো এবং ইউএসএ এর ফ্লোরিডা এই তিনটি স্থান যোগ করলে একটি ত্রিভুজ পাওয়া যায়। এটি বারমুডা ট্রায়াঙ্গেল নামে পরিচিত। শোনা যায় এখানে অনেক সামুদ্রিক জাহাজ এবং উড়োজাহাজ নিখোঁজ হয়েছে।

আমার সি ক্যারিয়ারে বেশ কয়েকবার শিপ নিয়ে বারমুডা ট্রায়াঙ্গেল অতিক্রম করার সুযোগ হয়েছে। আমি সর্বশেষ ২০২০ সালের জানুয়ারি মাসে শিপ নিয়ে বারমুডা ট্রায়াঙ্গেল পার হয়ে ইউএসএ এর একটি পোর্ট নিউ ইয়রলেন্স গিয়েছিলাম।

এখান দিয়ে শিপ যাওয়ার সময় সতর্কতা অবলম্বন করতে হয়। বারমুডা ট্রায়াঙ্গেলে শিপ নিখোঁজ হওয়ার পেছনে যে কারণগুলোর থাকতে পারে সেগুলো হল :

১.চৌম্বকীয় অনিয়মিততা।পৃথিবীর চুম্বকীয় ক্ষেত্রে একটি স্থানীয় পরিবর্তনের কারণে শিপ এর ম্যাগনেটিক কম্পাস বা দিকদর্শন যন্ত্র সঠিকভাবে কাজ নাও করতে পারে।
২.চতুর্মুখী কারেন্ট বা জলস্রোত।
৩.পানির নিচে থাকা বিপদজনক রিফ বা প্রবাল প্রাচীর।
৪.সমুদ্রে সৃষ্ট হারিকেন বা ঘূর্ণিঝড় এর প্রভাব।

এছাড়াও অনেক অজানা কারণ থাকতে পারে। উপরে উল্লেখিত কারণে সামুদ্রিক জাহাজ বা উড়োজাহাজ বিপদে পড়তে পারে। তবে এও জানা যায় কিছু কিছু লেখক বারমুডা ট্রায়াঙ্গেল নিয়ে অতিরঞ্জিত ভাবে লিখেছেন যা এখনো রহস্য আবৃত।

বারমুডা অঞ্চল দিয়ে বিশ্বের বাণিজ্যিক জাহাজ এবং প্রমোদ তরী চলাচল করে। জাহাজগুলো আমেরিকা, ইউরোপ ও ক্যারাবিয়ান দ্বীপপুঞ্জে যাতায়াত করে। এ অঞ্চলের আকাশ পথ দিয়েও বিভিন্ন রুটে বাণিজ্যিক ও ব্যক্তিগত বিমান চলাচল করে। বারমুডা ত্রিভুজের বিস্তৃতির বর্ণনায় বিভিন্ন লেখক বিভিন্ন মত দিয়েছেন। তবে লিখিত বর্ণনায় যে সাধারন অঞ্চলের ছবি ফুটে ওঠে তাতে রয়েছে ফ্লরিডার আটলান্টিক উপকূল, পুয়ের্তো রিকো, মধ্য আটলান্টিকের বারমুডা দ্বীপপুঞ্জ এবং বাহামা ও ফ্লরিডা ইস্টেটস এর দক্ষিণ সীমানা। এসব

অঞ্চলেই অধিকাংশ দুর্ঘটনা ঘটেছে বলে শোনা যায়। এই ত্রিভুজের উপর দিয়ে মেক্সিকো উপসাগর থেকে স্টেটস অফ ফ্লোরিডা হয়ে উত্তর আটলান্টিকের দিকে প্রবাহিত হয় উষ্ণ সমুদ্র স্রোত। এই তীব্র গতির স্রোত ভাসমান বস্তুকে স্রোতের দিকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। এখানে আবার হঠাৎ করে ঝড় ওঠে এবং থেমে যায়,গ্রীষ্মে ঘূর্ণিঝড় আঘাত হানে। এইসব কারণে এই অঞ্চলে জাহাজ ডুবি একটি স্বাভাবিক ঘটনা ছিল। অনেক জাহাজ ও বিমান এসব অঞ্চলে চালকের ভুলের কারণেও দুর্ঘটনায় পতিত হয়েছে।

তবে একবিংশ শতাব্দীতে জাহাজের অত্যাধুনিক যন্ত্রপাতি,টেলিযোগাযোগ, রেডার, জিপিএস, স্যাটেলাইট প্রযুক্তির কারণে এসব অঞ্চলে দুর্ঘটনা অনেকটাই কমে এসেছে। বর্তমানে জাহাজে প্রযুক্তির উন্নয়নের কারণে আবহাওয়া এবং ঘূর্ণিঝড় সম্পর্কে অনেক আগে থেকেই পূর্বাভাস পাওয়া যায় এবং সেভাবেই জাহাজ পরিচালনা করা হয়। জাহাজের নাবিক ও জাহাজের নিরাপত্তার জন্য প্রয়োজনবোধে জাহাজের রুট পরিবর্তন করা হয়।

লেখক: মাস্টার মেরিনার, ক্লাস ওয়ান ও এক্স ক্যাডেট,বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম।

জীবননগরে ৭মার্চ উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ

জীবননগর উপজেলায় ৭মার্চে উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষাথীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টার সময় জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্মমাল্য দেওয়া হয় এবং দুপুর ১২টার সময় জীবননগর উপজেলা অডিটোরিয়ামে ঐতিহাসিক

৭মার্চ উদযাপন উপলক্ষে চিত্র অংকন, ছড়া-কবিতা ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের ওপর শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে প্রতিযোগীতায় ১ম ২য় ও ৩য় স্থান বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুস সালাম ইশা, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।

চুয়াডাঙ্গায় ৭ মার্চ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় ডিসি সাহিত্য মঞ্চে বেলা সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১- আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় তিনি বলেন, ৫২ বছর আগে এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ এ গর্জে উঠেছিল উত্তাল বাঙ্গালী পরিণত হয়েছিলো জনসমুদ্র। লাখ লাখ মানুষের স্লোগানে উত্তাল হাওয়াই সেদিন উড়েছিলো বাংলাদেশের মানচিত্র খচিত লাল-সবুজের পতাকা। সেদিন লক্ষ লক্ষ মানুষের উপস্থিতিতে সোহরাওয়ার্দী উদ্যান জনসমুদ্রে পরিণত হয়েছিল ।

এসময় তিনি আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নকে বাস্তবায়ন করার জন্য আমাদেরকে এগিয়ে যেতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের চরম শিখরে পৌঁছেছে। এ সময় তিনি ৭ মার্চের ভাষণ, মুক্তিযুদ্ধের পটভূমি ও ভাষা আন্দোলন সম্পর্কে সকল অভিভাবকদের তাদের বাচ্চাদের সঠিক তথ্য জনানোর জন্য আহ্বান জানান। মূলত বঙ্গবন্ধুর সেই ভাষণে ছিল ৯ মাসব্যাপী বাংলা মুক্তিসংগ্রামের ঘোষণা ও মূল ভিিও।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক সহ, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলী, সুশীল সমাজের নাগরিকবৃন্দ, চুয়াডাঙ্গা শিল্পকলা ও শিশু একাডেমির শিল্পীবৃন্দ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে প্রথম দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন,চুয়াডাঙ্গা পুলিশ প্রশাসন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ,যুবলীগ, কৃষকলীগ, সেচ্ছাসেবকলীগ এবং জাতির শেষ্ঠ সন্তান চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা ইউনিট সহ বিভিন্ন ধরনের পেশাজীবী সংগঠন রাজনৈতিক সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা জানিয়েছেন তারা।

মঙ্গলবার (৭ মার্চ) সকাল ৭টা ৫০ মিনিটে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা এক আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন এর পক্ষ থেকে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পার্টি অফিসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন তিনি।

সকাল ৯◌ঃ৩০ এর সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কার্যালয় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ একেএম সাইফুর রশিদ, আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান সহ বিভিন্ন ধরনের পেশাজীবী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে ঐতিহাসিক ৭ ই মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়।

শ্রদ্ধা জানানো শেষে এক মিনিট নীরবতা পালন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা পুলিশ সুপার ও বিভিন্ন রাজনৈতিক, পেশাজীবী ও সাংস্কৃতিক সংগঠনের সদস্য বৃন্দ সহ জেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।